

PRINT

## সমকালী

# বঙ্গবন্ধুর জন্যই বাংলাদেশের জন্ম হয়েছে- গণশিক্ষামন্ত্রী

১২ ঘটা আগে

### পার্বতীপুর (দিনাজপুর) প্রতিনিধি

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোতাফিজুর রহমান ফিজার বলেছেন, বঙ্গবন্ধুর জন্ম হয়েছিল বলেই বাংলাদেশের জন্ম হয়েছে। একজন শেখ হাসিনা আছেন বলেই বঙ্গবন্ধুর খুনিদের ও যুদ্ধাপরাধীদের ফাঁসিতে বোলানো সন্তুষ্ট হয়েছে। দেশ আজ উন্নয়নের জোয়ারে ভাসছে। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে নিরলসভাবে কাজ করছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি গতকাল শনিবার বিকেলে পার্বতীপুর ডিপ্রি কলেজে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিন উপলক্ষে আয়োজিত সমাবেশে কথাগুলো বলেন।

সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন দিনাজপুর শিক্ষা বোর্ডের সচিব আমিনুল হক, উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাফিজুল ইসলাম প্রামাণিক, সাধারণ সম্পাদক মুক্তিযোদ্ধা রেজাউল করিম, উপজেলা নির্বাহী কর্মকর্তা তরফদার মাহমুদুর রহমান, নুরুল আমিন সরকার, এমএ ওহাব সরকার প্রমুখ। এর আগে মন্ত্রী পার্বতীপুর পৌর এলাকায় দুই কোটি ১১ লাখ টাকা ব্যয়ে সড়কে গাইড ওয়াল ও ড্রেন নির্মাণ কাজ এবং পার্বতীপুর ডিপ্রি কলেজের দুই কোটি ৩০ লাখ টাকা ব্যয়ে নির্মিত একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এ সময় পৌর মেয়র এজেডএম মেনহাজুল হক, মঞ্জুরুল হক মঞ্জু ও মঞ্জুরুল আজিজ পলাশ উপস্থিত ছিলেন।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: info@samakal.com